



মধ্যপ্রাচ্যে আজ পবিত্র ঈদুল আজহা



ছবি: সংগৃহীত

সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে আজ বুধবার (২৭ মে) ধর্মীয় মর্যাদা ও উৎসবের আবহে উদযাপিত হচ্ছে পবিত্র ঈদুল আজহা। মুসল্লিরা ঈদের জামাতে অংশ নেওয়ার পাশাপাশি পশু কোরবানির মধ্য দিয়ে পালন করছেন ইসলামের অন্যতম প্রধান এ ধর্মীয় উৎসব। হাজার গুরুত্বপূর্ণ আনুষ্ঠানিকতার অংশ হিসেবে মিনায় অবস্থানরত হাজিরা বড় জামারায় শয়তানকে লক্ষ্য করে পাথর নিক্ষেপের প্রস্তুতি নিয়েছেন। এ উদ্দেশ্যে তারা আগেই প্রয়োজনীয় কঙ্কর সংগ্রহ করেন। ১০ জিলহজ সকালে পাথর নিক্ষেপ শেষে আল্লাহর সন্তুষ্টি অর্জনের আশায় কোরবানি আদায় করবেন তারা। কোরবানি সম্পন্ন হওয়ার পর হাজিরা মাথা মুগুন বা চুল ছেঁটে ইহরামের বিধিনিষেধ থেকে মুক্ত হবেন। এরপর পবিত্র কাবা শরিফ তাওয়াক্কুর মাধ্যমে হাজার পরবর্তী আনুষ্ঠানিকতা পালন করবেন। ইসলামী বিশ্বাস অনুযায়ী, মহান আল্লাহর নির্দেশে হজরত ইব্রাহিম (আ.) তার প্রিয় পুত্র হজরত ইসমাইল (আ.)-কে কোরবানি করতে প্রস্তুত হয়েছিলেন। সেই আত্মত্যাগ ও আনুগত্যের স্মৃতিকে ধারণ করেই মুসলিম বিশ্বে ঈদুল আজহায় পশু কোরবানির প্রচলন গড়ে উঠেছে। অন্যদিকে সংযুক্ত আরব আমিরাতসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে ঈদকে ঘিরে উৎসবের আমেজ ছড়িয়ে পড়েছে। প্রবাসী বাংলাদেশি, পাকিস্তানি ও ভারতীয় মুসলমানদের অনেকে আগেই কোরবানির পশু কিনে প্রস্তুতি সম্পন্ন করেছেন। পরিবার-পরিজনের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি করতে চলছে নানা আয়োজন। হজযাত্রীদের নিরাপদ ও নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করতে সৌদি সরকার বিশেষ নিরাপত্তা ও পরিবহন ব্যবস্থা নিয়েছে। প্রচণ্ড গরমে স্বস্তি দিতে বিভিন্ন এলাকায় ছায়া ও পানির ব্যবস্থা করা হয়েছে। এছাড়া হাজিদের চলাচল সহজ করতে হাজার হাজার বিশেষ বাস পরিচালনা করছে দেশটির কর্তৃপক্ষ।